# শিন-শিন জাপান হাসপাতাল

**A Japan Bangladesh Joint Collaborated Hospital**










১৭, ২৪ ও ৩৬ গরীব-ই-নেওয়াজ এভিনিউ, সেক্টর-১১, উত্তরা, ঢাকা-১২৩০, বাংলাদেশ
E-mail: info@shinshinhospital.com, www.shinshinhospital.com




ঢাকার আধুনিক উত্তরায় অবস্থিত শিন-শিন জাপান হাসপাতাল। মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে ২০০৮ সাল থেকে নিরলস কাজ করে চলেছে শিন-শিন জাপান হাসপাতাল। শুধু উত্তরা নয়, ইতিমধ্যে দেশের স্পেশালাইজড হাসপাতালে পরিণত হয়েছে। উন্নত প্রযুক্তি, দক্ষ ব্যবস্থাপনা আর কম খরচে অত্যাধুনিক সেবা প্রদানের মহানব্রত নিয়ে এগিয়ে চলেছে উত্তরার অন্যতম এ হাসপাতালটি। মানুষের বিশেষ করে মধ্যবিত্তের উন্নতমানের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণই আমাদের এ প্রয়াস।

## হাসপাতালের সেবাসমূহ

- ১২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল
- বহির্বিভাগ (OPD)
- অত্যাধুনিক ডায়াগনস্টিক সেন্টার
- ৫টি মডার্ন অপারেশন থিয়েটার
- ২৪ ঘন্টা মেডিসিন কর্ণার
- ২৪ ঘন্টা অ্যাম্বুলেন্স সার্ভিস
- ২৪ ঘন্টা ইমার্জেন্সী সার্ভিস

## বিশেষ পরিষেবা

- আইসিইউ (ICU)
- এনআইসিইউ (NICU)
- পিআইসিইউ (PICU)
- এইচডিইউ (HDU)
- ডায়ালাইসিস
- ফিজিওথেরাপি
- প্লাস্টিক সার্জারি





OT

# মডার্ন অপারেশন থিয়েটার

আমাদের এখানে রয়েছে অত্যাধুনিক যন্ত্রপাতি সজ্জিত অপারেশন থিয়েটার। প্রতিটি স্তরে রোগীদের উন্নত সেবা প্রদানের জন্য রয়েছে ৫টি সম্পূর্ণ আলাদা অপারেশন থিয়েটার। এছাড়াও এখানে রয়েছে অত্যাধুনিক ডেলিভারি বার্থ সেন্টার। আধুনিক প্রযুক্তি ও গুণগত মান নিয়ন্ত্রণ করে বিশেষজ্ঞ গাইনী ডাক্তারদের মাধ্যমে প্রসূতি মায়ের নিরাপদ ও ব্যথামুক্ত নরমাল ডেলিভারীর ব্যবস্থা করা হয় এই বার্থ সেন্টারে।













## আই.সি.ইউ (ইন্টেন্সিভ কেয়ার ইউনিট)

এখানে আছে আধুনিক ও গুণগত মানসম্পন্ন নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্র (আই সি ইউ)। দেশে-বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার ও নার্সগণ ২৪ ঘন্টা স্বাস্থ্যসেবা প্রদান করে। জটিল রোগীদের ক্ষেত্রে বিশেষজ্ঞ ডাক্তারগণ মেডিকেল বোর্ড গঠন করে সিদ্ধান্ত গ্রহণ করেন। আমাদের রয়েছে আধুনিক প্রযুক্তিসম্মত প্রয়োজনীয় ভেন্টিলেটর (লাইফ সাপোর্ট মেশিন), কার্ডিয়াক মনিটর, পালস অক্সিমিটার, হাই ফ্লো নেজাল ক্যানোলা, বাই-পাপ মেশিন, সি-পাপ মেশিন, সিরিঞ্জ পাম্প, ইনফিউশন পাম্প, ই সি জি মেশিন, পোর্টেবল এক্স-রে, আলট্রাসাউন্ড, ইকো মেশিনের সুব্যবস্থা। আরও রয়েছে ব্লাড গ্যাস মেশিন, হার্ট ডিফিব্রিলেটর মেশিনসহ আধুনিক সকল প্রকার সরঞ্জামাদি।






## এন.আই.সি.ইউ (নিওনেটাল কেয়ার ইউনিট)

আমাদের এন আই সি ইউ ইউনিট আধুনিক ও গুণগত মানসম্পন্ন নবজাতকদের নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্র। এখানে স্বাস্থ্যসেবায় প্রশিক্ষণপ্রাপ্ত বিশেষজ্ঞ ডাক্তার এবং নার্সগণ ২৪ ঘন্টা নবজাতকদের সেবা প্রদান করে থাকেন। আমাদের রয়েছে অত্যাধুনিক ইনকিউবেটর, ওয়ার্মার, ফটোথেরাপি মেশিন, ভেন্টিলেটর মেশিন, সি-পাম্প মেশিন, সিরিঞ্জ পাম্প, ইনফিউশন পাম্প, বেবি মনিটর, পালস অক্সিমিটার, হেড বক্সসহ আধুনিক সকল প্রকার সরঞ্জামাদি।

## হাই ডিপেন্ডেন্সি ইউনিট (এইচ. ডি. ইউ)

শিন-শিন জাপান হাসপাতালে ৭টি শয্যা এবং অত্যাধুনিক সরঞ্জামাদিসমূহ নিয়ে গঠিত হয়েছে হাই ডিপেন্ডেন্সি ইউনিট। যে সকল রোগীদের জন্য সাধারণ ওয়ার্ডের/কেবিনের চেয়ে উচ্চ পর্যায়ের পর্যবেক্ষণ, চিকিৎসা এবং নার্সিং কেয়ারের প্রয়োজন হয় সে সকল রোগীদের জন্য এইচ ডি ইউ ইউনিট এর সু ব্যবস্থা রয়েছে। ২৪ ঘন্টা প্রয়োজনীয় বিশেষজ্ঞ ডাক্তার ও নার্সগণ রোগীদের স্বাস্থ্যসেবা প্রদান করেন। আমাদের এখানে রয়েছে আধুনিক কার্ডিয়াক মনিটর, পালস অক্সিমিটার, হাই ফ্লো নেজাল ক্যানোলা, বাই-পাপ মেশিন, সি-পাপ মেশিন, সিরিঞ্জ পাম্প, ইনফিউশন পাম্প, ই সি জি মেশিন, পোর্টেবল এক্স-রে, আল্ট্রাসাউন্ড, ইকো মেশিনের সুব্যবস্থা। আরও রয়েছে ব্লাড গ্যাস মেশিন, হার্ট ডিফিব্রিলেটর মেশিনসহ আধুনিক সকল প্রকার সরঞ্জামাদি।





## সেলিনা ডায়ালাইসিস সেন্টার

শিন-শিন জাপান হাসপাতালের আধুনিক মান সম্পন্ন ইউনিট এই ডায়ালাইসিস সেন্টার। এই সেন্টারে কিডনি বিশেষজ্ঞ ডাক্তারের তত্ত্বাবধানে কিডনি বিকল রোগীদের ডায়ালাইসিস এর মাধ্যমে সেবা প্রদান করা হয়। এছাড়াও কিডনি রোগীদের ফিস্টুলা ও ক্যাথেটার করা হয়।

## সুপার ডিলাক্স কেবিন



## ডিলাক্স কেবিন



## ডিলাক্স কেবিন



## কেবিন






## ১২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল

এই হাসপাতালে রয়েছে আধুনিক ও সকল প্রকার সুযোগ সুবিধা সম্বলিত সুপার ডিলাক্স, ডিলাক্সসহ ছোট বড় এসি কেবিন। আরও রয়েছে পুরুষ মহিলা আলাদা আলাদা ডিলাক্স এসি ওয়ার্ড। সাধারণ রোগীদের জন্য আছে জেনারেল এসি ওয়ার্ড। এই বিভাগের প্রতিটি ওয়ার্ড কেবিনের জন্য আলাদা আলাদা ডাক্তার ও নার্স নিয়োজিত। রোগীদের স্বাস্থ্যসেবা দ্রুত প্রদান করার লক্ষ্যে প্রতিটি ফ্লোরে ই সি জি মেশিন ও পোর্টেবল এক্স-রে এবং আলট্রাসাউন্ড মেশিনের সুব্যবস্থা আছে। এছাড়াও আছে সার্বক্ষণিক অক্সিজেনের ব্যবস্থা।

## অত্যাধুনিক ডায়াগনস্টিক সেন্টার



আল্ট্রাসনোগ্রাফী



স্যাম্পল কালেকশন



কালার ডপলার



এন্ডোস্কোপি
কোলোনোস্কোপি



ডিজিটাল এক্সরে



ইউরিফ্লোক্স মিটার



সিটি স্ক্যান



ইকো



মাইক্রোবায়োলজী



প্যাথলজী



## ইমার্জেন্সী সার্ভিস (দিবা-রাত্রি ২৪ ঘন্টা)

হাসপাতালটির সকল ডাক্তার এবং নার্স বিভিন্ন ধরণের জরুরী রোগীদের বিশেষ পরিষেবা দেয়ার জন্য বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত। হাসপাতালের জরুরী বিভাগ অত্যন্ত দক্ষ ও সুপ্রশিক্ষিত ডাক্তার ও নার্স দ্বারা পরিচালিত হয় এবং ২৪ ঘন্টাই খোলা থাকে, যারা সকলেই রোগীর জীবন রক্ষায় সচেষ্ট। দেশের যে কোন প্রান্ত থেকে আসা রোগীদের সম্পূর্ণ উন্নতমানের সেবা প্রদানের জন্য আমাদের জীবন রক্ষামূলক অত্যাধুনিক সরঞ্জাম রয়েছে যা দিয়ে আমরা সেবা নিশ্চিত করে থাকি।

## অ্যাম্বুলেন্স সার্ভিস (দিবা-রাত্রি ২৪ ঘন্টা)

যে কোন জরুরী অবস্থায় রোগীকে সর্বোচ্চ চিকিৎসা প্রদান করাই এই বিভাগের একমাত্র লক্ষ্য। সর্বোচ্চ চিকিৎসা সেবা অ্যাম্বুলেন্স এর ভিতরে প্রদান করার লক্ষ্যে এই সার্ভিস ২৪ ঘন্টা নিয়োজিত। অ্যাম্বুলেন্সগুলো আধুনিক যন্ত্রপাতি দ্বারা সুসজ্জিত। অভিজ্ঞ অ্যাম্বুলেন্স টিম এবং হাসপাতালে অবস্থানরত কনসালটেন্টদের সাথে জরুরী যোগাযোগ ব্যবস্থা রয়েছে। রোগীকে দ্রুততম সময়ে হাসপাতালে পৌছে জরুরী চিকিৎসা প্রদান করাই এই ইউনিটের লক্ষ্য।



## Physiotherapy (ফিজিওথেরাপি)






## বহির্বিভাগ (OPD)

এই হাসপাতালে বহির্বিভাগ এর বিশেষজ্ঞ ডাক্তারগণ উচ্চমানের সেবা দিয়ে রোগীর স্বাস্থ্য সেবা নিশ্চিত করে থাকেন। হাসপাতালের বহির্বিভাগের সেবা সমূহের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য-

| | | |
|---|---|---|
| মেডিসিন<br>অ্যাজমা ও বক্ষব্যাধি | ইউরোলজি<br>নিউরোলজি | শিশু ও গাইনী<br>গ্যাস্ট্রোএন্টেরোলজী |
| অর্থোপেডিক<br>নাক, কান ও গলা | ক্যান্সার সার্জারী<br>জেনারেল সার্জারী | কার্ডিওলজি<br>ডায়াবেটোলজিস্ট |



SIMEC
MODEL PHARMA



Unit-3

## মেডিসিন কর্ণার (দিবা-রাত্রি ২৪ ঘন্টার)

শিন-শিন জাপান হাসপাতালের অভ্যর্থনা লবিতেই শিন-শিন ফার্মার অবস্থান। নানাবিধ ঔষধে সজ্জিত ফার্মেসীটি সকলের চাহিদা মেটাতে ২৪ ঘন্টা খোলা থাকে এবং এখানে সকল প্রকার ঔষধ সুলভ মূল্যে পাওয়া যায়।

বর্তমানে ঔষধ শিল্পে বহু ব্যবসায়িক কোম্পানী বাজারে বিদ্যমান। এখানে সকল ঔষধ কোন সংস্থার মাধ্যমে নয়, সরাসরি উৎপাদনকারী সংস্থার মাধ্যমে আনা হয় এবং যে সকল কোম্পানী ঔষধের গুনগত মান ঠিক রেখে ঔষধ উৎপাদন করে আমরা শুধুমাত্র তাদের পণ্যই বিপণণ করি। এছাড়াও এখানে বিশেষভাবে প্রশিক্ষিত ফার্মাসিস্ট এবং বিক্রয়কারী ব্যক্তিরা আছেন যারা ঔষধ সরবরাহ করেন এবং সেবন করার পরামর্শ দেন। এতে রোগী যেমন দ্রুত আরোগ্য লাভ করবে, তেমনি সুলভ মূল্যে গুণগত মান সম্পন্ন ঔষধ ক্রয় করতে পারে।

Unit-1



Unit-2





শিন-শিন জাপান হাসপাতালে আপনি আমন্ত্রিত। স্বাস্থ্য সেবার নিশ্চয়তায়, চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে আপনার আস্থাভাজন হতে পেরে আমরা আনন্দিত। আমরা বলতে পারি সকলের ঐকান্তিক প্রচেষ্টায় আধুনিক মানসম্পন্ন চিকিৎসা ব্যবস্থা এখন শিন-শিন জাপান হাসপাতালে।

স্বাস্থ্য রক্ষার জন্য রোগীরা বিশ্বের স্বনামধন্য হাসপাতালগুলোর উদ্দেশ্যে ছুটে চলেন। সিঙ্গাপুর, থাইল্যান্ড, ভারত, ইউরোপ এবং আমেরিকার হাসপাতালগুলোই তাদের পছন্দ। আমাদের প্রধান উদ্দেশ্য হলো জাপান-বাংলাদেশ যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত শিন-শিন জাপান হাসপাতালকে সারা দেশের মানুষের কাছে পরিচয় করিয়ে দেয়া। উন্নত আধুনিক বিশ্বের মান সম্পন্ন শিন-শিন মেডিকেল সিটি বাংলাদেশে প্রতিষ্ঠা করা আমাদের মূল লক্ষ্য। সীমাবদ্ধতার মাঝেও আমাদের আছে দুই শতাধিক শক্তিশালী কর্মী বাহিনী এবং অত্যাধুনিক অবকাঠামো। ধ্রুব সত্য যে আমাদের হাসপাতালের অভূতপূর্ব এই সুন্দর সাফল্যের পেছনে রয়েছে সকলের কঠোর পরিশ্রম এবং দৃঢ় বিশ্বাস।

আমাদের অন্যতম লক্ষ্য হল রোগীদের চিকিৎসা সেবার সর্বোত্তম পরিবেশ নিশ্চিত করা। আমরা অত্যন্ত সফলতার সাথে এক দশকেরও আগে থেকে পথচলা শুরু করেছি। এ দীর্ঘ অভিজ্ঞতা আমাদের চিকিৎসা সেবায় আন্তর্জাতিক মান বজায় রাখতে সাহায্য করছে প্রতিনিয়ত। এই ধারাবাহিক পথ চলায় আমরা গর্ব বোধ করি। শিন-শিন জাপান হাসপাতালের অব্যাহত উন্নতিতে আমরা আনন্দিত। চিকিৎসা সেবায় আমরা আন্তর্জাতিক মান ধরে রেখে স্বাস্থ্য সেবা প্রদানের জন্য আমরা শিন-শিন পরিবার আন্তরিকভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

## শিন-শিন জাপান হাসপাতাল

**১৭, ২৪ ও ৩৬ গরীব-ই-নেওয়াজ এভিনিউ, সেক্টর-১১**
**উত্তরা, ঢাকা-১২৩০, বাংলাদেশ**
**হটলাইন: ০২-৫৮৯৫৩৪২৯, ০১৯২৯৪৭৮৫৬৫**
**E-mail: info@shinshinhospital.com, www.shinshinhospital.com**

